

অষ্টম পে-স্কেলে সুবিধা প্রদান প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে কর্মচারী ফেডারেশনের অভিনন্দন

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদেরও অষ্টম পে-স্কেলের অধীনে আনার সরকারকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন। মঙ্গলবার এক যুক্ত বিবৃতিতে সংগঠনটির কেন্দ্রীয় ভারপ্রাপ্ত সভাপতি এরশাদুল হক ভারপ্রাপ্ত মহাসচিব আবুল কালাম আজাদ এবং কেন্দ্রীয় নেতা যুবিবুর রহমান পে-স্কেলকে স্বাগত জানিয়ে বলেছেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরও সরকার নতুন জাতীয় পে-স্কেলের অধীনে এনেছে। একইসঙ্গে সরকারি চাকরিজীবীদের মতোই গত জুলাই থেকে সুবিধা দেয়ার ঘোষণা দিয়েছে। এটা একটি যুগান্তকারী ঘটনা। নেতারা এর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি গভীর কৃতজ্ঞতা ও অভিনন্দন জানান। একইসঙ্গে তারা শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং সরকারের সচিবদেরও অভিনন্দন জানান। সংবাদ বিজ্ঞপ্তি